দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

12 NOV 1988
পৃষ্ঠা ৪ কলাম 4

# উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কয়েকজন কৃতী ছাত্র-ছাত্রী



## শাহেদ ফারুক বই পড়তে পছন্দ করেন

॥ স্টাফ রিপোর্টার ॥

ঝিনাইদহ ক্যাডেট কলেজের ছাত্র মোহাম্মদ শাহেদ ফারুক সিনহা ৯১০ নম্বর পেয়ে যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান অধিকার করেছেন। ঝিনাইদহ ক্যাডেট কলেজের সাবেক সহকারী অধ্যাপক মরহুম ফারুক লতিফ সিনহার পুত্র ফারুক সিনহা জানিয়েছেন, তিনি বই পড়তে ও গান করতে পছন্দ করেন।



## শরনি জামান ঢাকা বোর্ডে দ্বিতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

শরনি জামান (রোল-৭৯০৭৫ মানবিক) হলিক্রস কলেজ থেকে ৩টি লেটারসহ মোট ৮৪৮ নম্বর পেয়ে এবার ঢাকা বোর্ডে দ্বিতীয় হয়েছেন। শরনি এসএসসিতেও একই স্কুল থেকে দ্বিতীয় হয়েছিলেন। তিনি ভবিষ্যতে ইন্টারন্যাশনাল রিলেশনে পড়াশুনা করবেন। শরনির পিতা জনাব শামসুজ্জামান খান বাংলা একাডেমীর পরিচালক এবং মা হেলেন জামান একজন গৃহিণী।

শরনির ভাল ফলাফলের পেছনে তার বাবা-মা দাদু এবং শিক্ষকের অবদান ছিল বেশী। তিনি প্রি-টেস্টের পর থেকে দৈনিক ১০/১২ ঘন্টা পড়াশুনা করতেন।

## আবদুল হালিম

শেষের পৃষ্ঠার পর

সি পরীক্ষাতেও হালিম যশোর বোর্ড থেকে তৃতীয় হয়েছিলেন। পড়াশুনা করে বড় কিছু হওয়ার ইচ্ছা থাকা সত্ত্বেও দারিদ্র্যের কারণে তার পড়াশুনা চালাতে পারবে কি-না হালিম সন্ধিহান হয়ে পড়েছেন। হালিমের কথা কে নেবে তার পড়াশুনার দায়িত্ব? পরীক্ষার ৩ মাস আগে থেকেই ২০ নম্বর ওয়ারী ষ্টীটে হালিমের সাথে পরিচয় হয় ঢাকার এডিশনাল চীফ মেট্রোপলিটান ম্যাজিস্ট্রেট জনাব এম, এ, মুজিদের অফিস পিয়ন জনাব আলী আহমদের সাথে। ঐ বাসাতেই বর্তমানে হালিম অবস্থান করছেন। পিয়ন আলী আহমদ মিসেস মুজিদকে রাজি করিয়ে ঐবাড়ীতে থাকার ব্যবস্থা করার জন্য হালিম তাদের কাছে কৃতজ্ঞ।

096



## সাজেদা খানম গার্হস্থ অর্থনীতিতে দ্বিতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সাজেদা আকতার খানম গার্হস্থ অর্থনীতি বিভাগ থেকে প্রথম শ্রেণীতে দ্বিতীয় স্থান অধিকার করেছেন। সাজেদার রোল নম্বর ঢাকা ১০২১৫৪। তার মোট প্রাপ্ত নম্বর ৭০২। তিনি এসএসসি পরীক্ষাতেও প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছিলেন।

সাজেদা আকতার খানম পুষ্টি বিজ্ঞানে শিক্ষা গ্রহণ করে শিক্ষকতা করতে আগ্রহী। সাজেদা'র পিতা জনাব মোহাম্মদ আলী এজিবি অফিসের একজন একাউন্টস অফিসার। তার ফলাফল আশানুরূপ হয়েছে বলে তিনি আমাদের প্রতিবেদককে জানান।



## অপরাজিতা ঢাকা বোর্ডে ছেলে-মেয়েদের মধ্যে দ্বিতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

অপরাজিতা আহাম্মেদ ভবিষ্যতে একজন চার্টার্ড একাউন্টেন্ট হবে। অপরাজিতা (রোল ৯৫৮১৭) ইউনিভার্সিটি কলেজ ওমেন্স ফেডারেশন কলেজ থেকে মোট ৭৬৮ নম্বর পেয়ে এবার এইচ এস সি পরীক্ষায় ঢাকা বোর্ডে ছেলে-মেয়েদের মধ্যে দ্বিতীয় হয়েছেন। অপরাজিতা বাবা সিরাজুদ্দিন আহাম্মেদ ব্যবসায়ী এবং মা শাহানা বাণুর প্রথম সন্তান। ভাল ফলাফলের পেছনে শিক্ষকের অবদানই বেশী ছিল বলে অপরাজিতা জানান। তিনি দৈনিক ৪/৫ ঘন্টা পড়াশুনা করতেন। ভাল ফলাফলের জন্যে গৃহশিক্ষকের উপর নির্ভরশীলতার প্রশ্নে সাজেশন দেয়া এবং শিক্ষকদের আন্তরিকতাই দায়ী বলে তিনি জানান। ছাত্র-ছাত্রীদের মেধার সঠিক মূল্যায়নের জন্যে বর্তমান পরীক্ষা পদ্ধতি পরিবর্তিন অপরিহার্য বলে অপরাজিতার ধারণা।

## ইমতিয়াজ

প্রথম পৃষ্ঠার পর

করেছেন। ৩টি বিষয়ে লেটার নম্বরসহ তার সর্বমোট প্রাপ্ত নম্বর ৭৮১। ইমতিয়াজ অর্থনীতিবিদ হতে চান। তিনি এস,এস,সি পরীক্ষাতেও প্রথম স্থান অধিকার করেছিলেন। ইমতিয়াজন প্রতিদিন ১০ ঘন্টা করে পড়াশুনা করে এই কৃতিত্ব অর্জন করেছেন। ডলী জহুরের অভিনয় তার ভাল লাগে।

## জাকির হোসেন

প্রথম পৃষ্ঠার পর

তালিকায় বাণিজ্য বিভাগে ১ম স্থান অধিকার করেছেন। তিনি মোট নম্বর পেয়েছেন ৭৩২। টাইপ রাইটার শর্টহ্যাণ্ডে তিনি লেটার পেয়েছেন। জাকির চার্টার্ড একাউনট্যান্ট হতে চান। মোহামেডান তার প্রিয় দল তার পিতা জনাব মিজানুর রহমান যশোর শিক্ষা বোর্ডের একজন কর্মচারী।

উচ্চ মাধ্যমিক পরীক্ষায় ক



## যশোর বোর্ডে জাকির হোসেন বাণিজ্যে প্রথম

যশোর, ১০ নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)।—চলতি বছরে যশোর শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় যশোর ক্যান্টনমেন্ট কলেজ হতে মোঃ জাকির হোসেন মেধা

২-এর পৃষ্ঠায় দেখুন



## ইমতিয়াজ কুমিল্লা বোর্ডে মানবিকে প্রথম

॥ কুমিল্লা থেকে নিজস্ব সংবাদদাতা ॥

ইমতিয়াজ আহমেদ মজুমদার মিঠু এইচ, এস, সি পরীক্ষায় কুমিল্লা বোর্ড থেকে কলা শাখায় প্রথম স্থান অধিকার

২-এর পৃষ্ঠায় দেখুন



## খুরশিদা জাহান গার্হস্থ্য অর্থনীতিতে তৃতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

খুরশিদা জাহান ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রথম বিভাগে তৃতীয় স্থান অধিকার করেছেন। খুরশিদা জাহানের রোল নম্বর ঢাকা ১০২০০৩। তার মোট প্রাপ্ত নম্বর ৬৯৮। খুরশিদা'র ছোট বোন নিলুফার জাহান একই বিভাগ থেকে একই পরীক্ষায় চতুর্থ হয়েছেন।

খুরশিদা জাহান এসএসসিতে বিজ্ঞান শাখায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছিলেন। তিনি পুষ্টি বিজ্ঞানে উচ্চতর শিক্ষা গ্রহণে আগ্রহী। পিতা জনাব মোহাম্মদ খবির উদ্দিন ঢাকা মেডিকেল কলেজের কমিউনিটি ডিপার্টমেন্টের প্রফেসর।



## সুলতান মাহমুদ ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয় স্থান অধিকারী সুলতান মাহমুদ সিদ্দীক ভবিষ্যতে ইঞ্জিনিয়ার হওয়ার ইচ্ছে পোষণ করেছেন।

'৮৬ সালের মাধ্যমিক পরীক্ষায় সম্মিলিত মেধা তালিকায় তিনি প্রথম হয়েছিলেন। এবারের ফলাফল সম্পর্কে তার প্রতিক্রিয়া জানতে চাইলে তিনি বলেন, যে ধরনের পরীক্ষা দিয়েছি তাতে তৃতীয় হওয়ার চেয়ে বেশী ভালো ফলাফল আশা করিনি। বলা যায়, ফল আশাপ্রদ। দেশের বর্তমান পরীক্ষা পদ্ধতি পাল্টানো উচিত বলে তিনি মনে করেন। তার বাবা জনাব বদরুল ইসলাম সিদ্দীক বিএডিসি'র ডিভিশনাল ম্যানেজার।



## সুলক্ষ্মণা শ্যামা নাথ রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধায় তৃতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

সুলক্ষ্মণা শ্যামা নাথ চলতি সালের এইচএসসি পরীক্ষায় রাজশাহী বোর্ড থেকে সম্মিলিত মেধায় তৃতীয় এবং মেয়েদের মধ্যে প্রথম স্থান অধিকার করেছেন। ৪ বিষয়ে লেটার নম্বরসহ তার মোট প্রাপ্ত নম্বর ৯২১। শ্যামা প্রকৌশলী হতে চান। তার পিতামৃত ডঃ খিতিশ চন্দ্র নাথ বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ছিলেন এবং মা বর্তমানে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের সমাজ বিজ্ঞানের শিক্ষিকা। ছবি আঁকা শ্যামার অন্যতম শখ।



## মহিলাদের মধ্যে বিজ্ঞান শাখায় জারিয়াতুল তৃতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

জারিয়াতুল কারিম চলতি বছর ঢাকা বোর্ডের অধীনে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক পরীক্ষার বিজ্ঞান শাখায় হলিক্রস কলেজ থেকে মহিলাদের মধ্যে প্রথম বিভাগে তৃতীয় স্থান অধিকার করেছেন।

জারিয়াতুল কারিমের রোল নম্বর ঢাকা ৭৭৮। ৩টি বিষয়ে লেটার নম্বরসহ তার মোট প্রাপ্ত নম্বর ৮৯৭, যার শতকরা হার (চতুর্থ বিষয়ের অতিরিক্ত নম্বরসহ) ৮৯ দশমিক ৭ ভাগ। তিনি এসএসসি পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে ৪টি বিষয়ে লেটার নম্বরসহ প্রথম বিভাগে উত্তীর্ণ হয়েছিলেন। তিনি চিকিৎসা বিজ্ঞানে উচ্চতর ডিগ্রী নিয়ে ডাক্তার হতে চান।



## আবদুল হালিম ঢাকাবোর্ডে কলা শাখায় তৃতীয়

॥ স্টাফ রিপোর্টার ॥

আবদুল হালিম এইচ, এস, সি পরীক্ষায় কলা বিভাগে ঢাকা বোর্ডে তৃতীয় স্থান অধিকার করেছেন। ৪ বিষয়ে লেটার নম্বরসহ তার প্রাপ্ত নম্বর ৮৪১। এস, এস,

২-এর পৃষ্ঠায় দেখুন

---

দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

1988
কলাম



## শাহেদ ফারুক যশোর বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয়

ঝিনাইদহ, ১০ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—যশোর বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয় স্থান

( ৪র্থ পৃঃ দ্রঃ)



## সুলতান মাহমুদ ঢাকা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় তৃতীয়

মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র সুলতান মাহমুদ সিদ্দিক ৪ বিষয়ে লেটারসহ ৯২২ নম্বর পাইয়া ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ও বিজ্ঞান শাখায় তৃতীয় স্থান অধিকার করিয়াছে। এস,

( ৫ম পৃঃ দ্রঃ )



## কামরুল হাসান যশোর বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৪র্থ

ঝিনাইদহ, ১০ই নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—যশোর বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৪র্থ স্থান অধিকার করিয়াছে ঝিনাইদহ ক্যাডেট কলেজ হইতে ক্যাডেট শওকত মোহাম্মদ কামরুল হাসান (রোল ঝি ক্যাডে নং-৮)। সে

( ৪র্থ পৃঃ দ্রঃ )



## শামসুল আবেদীন রাজশাহী বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৫ম

রাজশাহী ক্যাডেট কলেজের ছাত্র মোঃ শামসুল আবেদীন শ্যামল ৯০০ নম্বর পাইয়া রাজশাহী বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় ৫ম স্থান অধিকার করিয়াছে। শ্যামল এস, এস, সিতে ৬ষ্ঠ স্থান অধিকার করিয়াছিল। বাংলাদেশ হাউস

( ৪র্থ পৃঃ দ্রঃ)



## এনামুল খালেক কুমিল্লা বোর্ডে সম্মিলিত মেধা তালিকায় ৭ম

কুমিল্লা, ১০ নভেম্বর (নিজস্ব সংবাদদাতা)—১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কুমিল্লা ভিক্টো-

( ৪র্থ পৃঃ দ্রঃ )



## ইমতিয়াজ আহমেদ কুমিল্লা বোর্ডে মানবিক বিভাগে প্রথম

কুমিল্লা সংবাদদাতা জানান, ১৯৮৮ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কুমিল্লা ভিক্টোরিয়া সরকারী কলেজের মানবিক বিভাগের ছাত্র মোঃ ইমতিয়াজ আহমেদ মজুমদার রোল কুম-১-২২৯৫৪ সর্বমোট ৭৮১ নম্বর পাইয়া কুমিল্লা বোর্ডে মানবিক বিভাগে প্রথম স্থান লাভ করিয়াছে। সে যুক্তি-

(৫ম পৃঃ দ্রঃ)



## শরণি জামান ঢাকা বোর্ডে মানবিক শাখায় দ্বিতীয়

হলিক্রস কলেজের ছাত্রী শরনি জামান ৩টি লেটারসহ ৮৪৮ নম্বর পাইয়া ঢাকা বোর্ডের মানবিক শাখায় দ্বিতীয় হইয়াছে। বাংলা একাডেমীর ফোকলোর বিভাগের পরিচালক শামসুজ্জামান খানের মেয়ে শরনি আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ে উচ্চতর ডিগ্রী লাভ করিতে ইচ্ছুক।



## মিলড্রেড গোমেজ ঢাকা বোর্ডে বাণিজ্য শাখায় দ্বিতীয়

ইউনিভার্সিটি উইমেন্স ফেডারেশন কলেজের ছাত্রী মিলড্রেড গোমেজ ২টি লেটারসহ ৭৭৩ নম্বর পাইয়া ঢাকা বোর্ডের বাণিজ্য শাখায় দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে। এডভোকেট আলফ্রেড গোমেজ ও শান্তি মরিয়া গোমেজের

( ৪র্থ পৃঃ দ্রঃ )



## হোসনেআরা কুমিল্লা বোর্ডে কৃষি বিজ্ঞান বিভাগে প্রথম

কুমিল্লা সংবাদদাতা জানান, ১৯৮৮ সালের কুমিল্লা বোর্ডের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় আখাউড়া শহীদ স্মৃতি কলেজের ছাত্রী কৃষি বিজ্ঞান বিভাগে হোসনে আরা



## আশিকুর রহমান ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় দ্বিতীয়

ঢাকা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় এবং বিজ্ঞান শাখার দ্বিতীয় স্থান অধিকারী মির্জাপুর ক্যাডেট কলেজের ছাত্র আ[illegible]

( ৫ম পৃঃ দ্রঃ )

## আশিকুর রহমান

(৩য় পৃঃ পর)

রহমান ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ার হইতে চায়। ৪ বিষয়ে লেটারসহ তাহার প্রাপ্ত নম্বর ৯২৭। সে বাংলাদেশ টেলিভিশনের সিনিয়র প্রকৌশলী আনিসুর রহমানের জ্যেষ্ঠ পুত্র। আশিকের মা শিরিন জাহান একজন গৃহিণী। আশিকরা ৪ ভাই। কুমিল্লার হোমনা থানার ছেলে আশিকের প্রিয় ক্রীড়া দল মোহামেডান।

## সুলতান মাহমুদ

( ৩য় পৃঃ পর )

এস,সিতে প্রথম স্থান লাভের পর সুলতান ডাক্তার হওয়ার ইচ্ছা পোষণ করিলেও এখন সে ইঞ্জিনিয়ার হইতে চায়। বি, এডিসির ডিভিশনাল অফিসার বদরুল ইসলাম সিদ্দিক ও গৃহিণী আনিসা সিদ্দিকের বড় ছেলে সুলতানের মতে বর্তমান শিক্ষা ব্যবস্থার পরিবর্তন দরকার। অবসর সময়ে সে বিজ্ঞানের বই পড়ে। আব্দুল্লাহ আলমুতী শরফুদ্দিন তাহার প্রিয় লেখক। সুলতানের প্রিয় ক্রীড়া দল আবাহনী।

## ইমতিয়াজ আহমেদ

(৩য় পৃঃ পর)

বিদ্যা, গণিত ও পরিসংখ্যান বিষয়ে লেটার পাইয়াছে। ইমতিয়াজ কুমিল্লা শহরের ঠাকুর পাড়া জোড় পুকুরপাড় নিবাসী বিশিষ্ট ব্যবসায়ী মনিরুল ইসলাম মজুম-